ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৪৮৯</u>

শান্তিরবাজার, ২ মে, ২০২৫

**৯ মে শান্তিরবাজারে রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন**

যথাযোগ্য মর্যাদায় আগামী ৯ মে শান্তিরবাজারে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী এবং ২৬ মে বিদ্রোহী কবি কাজি নজরুল ইসলামের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। গতকাল শান্তিরবাজার পুর পরিষদ কার্যালয়ে পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্যের সভাপতিত্বে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রস্তুতি সভার সিদ্ধান্ত অনুসারে আগামী ৯ মে শান্তিরবাজার সুগারমিল সংলগ্ন কবিগুরু মূর্তির পাদদেশে প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হবে। বিকেলে মুকুট অডিটোরিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এছাড়া ভোরে প্রভাতফেরির আয়োজন করা হবে। আগামী ২৬ মে বিকেলে জোলাইবাড়ি কমিউনিটি হলে বিদ্রোহী কবি কাজি নজরুল ইসলামের কবি প্রণাম অনুষ্ঠান আয়োজিত হবে। এছাড়া ভোরে প্রভাতফেরির আয়োজন করা হবে। প্রস্তুতি সভায় বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণা রিয়াং সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

******